

৬
22
REPORT

ঢাবির ঘটনা তদন্ত আরও ২০ দিন সময় পেয়েছে কমিশন

বিশ্ববিদ্যালয় বোর্ড পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সেনা সদস্যদের হাতে ছাত্র নির্যাতনের ঘটনায় গঠিত বিচার বিভাগীয় তদন্ত কমিশন রিপোর্ট প্রকাশের জন্য আরও ২০ দিন বাড়তি সময় পেয়েছে। গত মঙ্গলবার কমিশন সূত্র, নিরপেক্ষ এবং পূর্ণাঙ্গ রিপোর্ট প্রকাশের জন্য অতিরিক্ত ২০ দিনের সময় চেয়ে সরকারের কাছে চিঠি পাঠায়। গতকাল সোমবার প্রধান উপদেষ্টা ড. ফকরুদ্দীন আহমদ কমিশনের চাওয়া অতিরিক্ত সময় অনুমোদন করেছেন।

এদিকে রিপোর্ট প্রকাশের জন্য কমিশনকে দেয়া প্রথম দফা ১৫ দিন আর মঙ্গলবার শেষ হচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহিংসতার ঘটনায় গঠিত তদন্ত কমিশন গত ২৮ আগস্ট কাজ শুরু করেছে। এ ব্যাপারে কমিশন প্রধান বিচারপতি হাবিবুর রহমান খান বলেন, একটি সূত্র ও নিরপেক্ষ তদন্ত রিপোর্ট দেয়ার জন্য কমিশন কাজ করছে। কিন্তু সেরকম কোন তথ্য এখনও সাক্ষীদের কাছ থেকে পাওয়া যায়নি। তিনি বলেন, তবে কমিশনের কাজ অনেকদূর এগিয়েছে তিনি বলেন, একটি পূর্ণাঙ্গ রিপোর্ট দিতে যে তথ্য-প্রমাণ প্রয়োজন তা এখনও পাওয়া যায়নি। তাই সরকারের কাছে অতিরিক্ত সময় চাওয়া হয়েছে।